

তারিখ... 08 JUN 2016  
পৃষ্ঠা... 6 ... কলাম... 2 ...

## ॥অনলাইনে যৌন নিরাহের ঝুঁকিতে তরুণ প্রজন্ম : ইউনিসেফ

### যুগান্তর ডেস্ক

অনলাইনে যৌন নিরাহের ঝুঁকিতে রয়েছে বিশ্বের তরুণ প্রজন্ম। এমনই তথ্য দিয়েছে জাতিসংঘের শিশুত্তহবিল সংস্থা ইউনিসেফ। তরুণদের তথ্য পাওয়ার ক্ষেত্রে, অনলাইন ওরচত্বপূর্ণ ভূমিকা পালন করলেও সেখানেই তারা যৌন নিরাহের, ঝুঁকিতে রয়েছে। ১৮ বছর বয়সী তরুণদের ৮০ শতাংশে ইন্টারনেট ব্যবহারকারী এমনটাই বিশ্বাস করে। ইউনিসেফের এক গবেষণায় এ তথ্য উঠে এসেছে।

মঙ্গলবার এ গবেষণার ফল প্রকাশিত হয়েছে। খবর ইন্টারন্যাশনাল বিজেনেস টাইমসের।  
 ‘বিপদ ও স্বাভাবনাসমূহ’ : অনলাইনে বেড়ে ওঠা’ শীর্ষক গবেষণাটি আন্তর্জাতিক একটি জরিপের ওপর করা হয়। ২৫টি দেশের ১৮ বছর বয়সী ১০ হাজারের বেশি ছেলেবেয়ের ওপর জরিপটি চালানো হয়। গবেষণাটিতে তরুণদের তথ্যাবৃত্তি ব্যবহারের সঙ্গে সঙ্গে তাদের ঝুঁকিতে পড়ার আশংকার বিষয়টি তাদের দৃষ্টিভঙ্গিতে উঠে এসেছে। গবেষণায় দেখা গেছে, ১৮ বছর বয়সী ১০ জনের মধ্যে আটজনই বিশ্বাস করে, তরুণ প্রজন্ম অনলাইনে যৌন নিরাহের ঝুঁকিতে রয়েছে।

পাঁচজনের বেশি মনে করে, তাদের বন্ধুরা ইন্টারনেট ব্যবহারের সময় ঝুঁকিপূর্ণ আচরণে অংশ নেন।

দেশভেদে শতাংশের হার তিনি দেখা গেছে।

গবেষণাটি আরও বলছে, কিশোর-কিশোরীরা তাদের নিরাপদ ধাকার বিষয়ে নিজেদের সামর্থ্য নিয়েও আত্মবিশাসী। ইউনিসেফের শিশু সুরক্ষাবিষয়ক সহযোগী পরিচালক করনেলিয়াস উইলিয়ামস বলেন, তরুণদের তথ্যাবৃত্তিতে ইন্টারনেট ও মোবাইল ফোন বিপ্লব বয়ে নিয়ে এসেছে। তবে অনলাইনে মেয়ে ও ছেলেদের নিরাহের বিষয়টি কতটা সতি, তা জরিপের ফলে উঠে এসেছে। গবেষণার ফলাফলে জানানো হয়, প্রতি তিনজন ইন্টারনেট ব্যবহারকারীর মধ্যে একজন শিশু। জরিপের ফলে অনলাইনে তরুণরা কতটুকু নিরাপদ, তা তাদের উপলক্ষ থেকে বোঝা গেল। গবেষণায় দেখা গেছে, ৯০ শতাংশ কিশোর-কিশোরী অনলাইনে তাদের বিপদ এড়াতে পারে। ১০ জনের মধ্যে ছয়জন জানায়, তার অনলাইনে নতুন কারও সঙ্গে মেশা ওরচত্বপূর্ণ নয় অথবা খুঁটি ওরচত্বপূর্ণ হিসেবে দেখে। ৩৬ শতাংশ জোরালোভাবে বিশ্বাস করে, অনলাইনে কেউ নিজের সম্পর্কে বিশ্যা বললে তারা তা ধরতে পারে। অনলাইনে হমকির মুখোমুখি হলে তারা বেশিরভাগই মা-বাবা অথবা শিক্ষকদের পরিবর্তে বন্ধুদের কাছে যায়।